67

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 APR 1996
পৃষ্ঠা 7 কলাম ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয় অনার্সে ৪ হাজার আসন ॥ আবেদনপত্র ৭০ হাজার

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্স শ্রেণীতে নির্ধারিত ৪ হাজার আসনে ভর্তির জন্য প্রায় ৭০ হাজার ছাত্র-ছাত্রী আবেদনপত্র জমা দিয়াছে। ফলে ১টি আসনের জন্য ১৭ জন ছাত্র-ছাত্রীকে প্রতিদ্বন্দ্বিতা করিতে হইবে। ৯ই মে এই পরীক্ষা শুরু হইতেছে। গতকাল (সোমবার) ছিল আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন। গত ৭ই জানুয়ারী হইতে আবেদনপত্র বিতরণ শুরু হয়। ৭ই ফেব্রুয়ারী পর্যন্ত জমাদানের শেষ সীমা থাকিলেও রাজনৈতিক অস্থিরতার কারণে সময় বর্ধিত করা হয়। 'ক', 'খ', 'গ' ও 'ঘ' এই ৪ ইউনিটের অধীনে ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হইবে। বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটের ৯৮৫টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে ২১ হাজার ২ শত। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'খ' ইউনিটে আবেদনপত্র পড়িয়াছে ২৫ হাজার ৩ শত ৫৭টি। এই অনুষদের আসন সংখ্যা ১৮ শত ৫৫। বাণিজ্য অনুষদভুক্ত ৪টি বিভাগের 'গ' ইউনিটের ৬৫০টি আসনের বিপরীতে গতকাল পর্যন্ত (১১শ পৃঃ দ্রঃ)

## ৭০ হাজার

(১ম পৃঃ পর)

দশ হাজার ২টি আবেদন ফরম জমা পড়িয়াছে। ৩টি অনুষদের সম্মিলিত 'ঘ' ইউনিটে ১৫ হাজার ২২টি আবেদন জমা হইয়াছে ৫৫০টি আসনের বিপরীতে।

গত বছর ৩ হাজার ৬ শত ৩৭টি আসনের বিপরীতে প্রায় ৫৭ হাজার ছাত্র-ছাত্রী আবেদন করিয়াছিল। এদিকে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে শতকরা ১০ ভাগ আসন বৃদ্ধি করা হইয়াছে। এবং ভর্তি পদ্ধতিরও আমূল পরিবর্তন সাধন করা হইয়াছে। গত বছর প্রতিটি ভর্তি ফরম ১০০ টাকা করিয়া নেওয়া হইলেও এ বছর উহার মূল্য রাখা হয় ১৫০ টাকা।

আগামী ৯ই মে হইতে এই ৪ ইউনিটের ভর্তি পরীক্ষা শুরু হইবে। ৯ই মে প্রথম দিন পরীক্ষা অনুষ্ঠিত হইবে 'গ' ইউনিটের। 'ঘ' ইউনিটের পরীক্ষা হইবে ১০ই মে। 'খ' ইউনিটের ১৭ই মে এবং 'ক' ইউনিটের ২৪শে মে ভর্তি পরীক্ষা গৃহীত হইবে।